গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
Govt.Iqbal Memorial Degree Collage
দাগনভূঞা, ফেনী
Web : www.imc.edu.bd, Email : info@imc.edu.bd, Eiin- 106553, Comilla Board : 6800,
National University Code : 4109, HSC(BMT): 69013

স্মারক নং : আই এম গভ সি/

তারিখ : ১৪/০৮/২০২৫

# বিজ্ঞপ্তি

অত্র কলেজে অধ্যয়নরত সকল বর্ষের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ ও আহত যদি কোন শিক্ষার্থী থাকে তাদের তথ্যাদি পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রামে প্রেরণের জন্য আগামী ১৭-০৮-২০২৫ খ্রিঃ মধ্যে যাবতীয় প্রমাণ সহ যেমন : পত্রিকা, ছবি ও অন্যান্য তথ্যাদি কলেজ অফিসে জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

সংযুক্ত :

শিক্ষা মন্ত্রনালয়ের সেবা শাখার পত্র।

১৪/০৮/২০২৫
অধ্যক্ষ
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগভূঞা, ফেনী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

বিষয়: জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই গণ-অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী ঘটনা। ২০২৪ সালের জুলাই আন্দোলন শিক্ষার্থীদের তাজা রক্তে রাঙানো। তাঁদের আত্মত্যাগ এবং শহীদ পরিবারের আপনজনের কান্নার বিনিময়ে আমরা নতুন বাংলাদেশ বিনির্মাণের সুযোগ পেয়েছি। যারা এই বিপ্লবে শহীদ হয়েছেন, তাঁরা আমাদের মাঝে নেই, কিন্তু তাঁদের সাহস আর আত্মত্যাগ চিরদিন আমাদের হৃদয়ে বেঁচে থাকবে। তাঁরা কেবল শিক্ষার্থী ছিলেন না, তাঁরা ছিলেন পরিবর্তনের মশাল, গণতন্ত্রের সৈনিক। জুলাই গণ-অভ্যুত্থানের ফলাফল ছিল সুদূরপ্রসারী এবং বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এ এক নতুন যুগের সূচনা।

০২। বর্তমানে অন্তর্বর্তী সরকার জুলাই গণ-অভ্যুত্থান ধারণ করে আহত ও শহীদ শিক্ষার্থীদের অবদানকে স্বীকৃতি দিতে বদ্ধপরিকর। এ ধারাবাহিকতায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে আহত ও শহীদ শিক্ষার্থীর অবদান স্মরণে রাখতে এ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করেছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত শিক্ষার্থীদের বীরগাঁথা তথ্য নিম্নোক্তভাবে সংগ্রহ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে:

ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান তার প্রতিষ্ঠানের জুলাই বিপ্লব ২০২৪ এ শহীদ ও আহত হয়েছেন (গেজেট অনুযায়ী) তাদের ছবিসহ দুই পাতার মধ্যে একটি প্রবন্ধ জমা দিবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান একটি কমিটি গঠন করে এই প্রবন্ধ লিখে এবং সম্পাদনা করে প্রেরণ করবেন। লেখার হার্ডকপি মন্ত্রণালয়ের (বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ঠিকানায় প্রেরণের পাশাপাশি সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে (apa@moedu.gov.bd) প্রেরণ করতে হবে;

খ) লেখার সাথে প্রমাণক হিসেবে এ পর্যন্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে;

গ) প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠানের সর্বোচ্চ সিনিয়র শিক্ষক এবং প্রবন্ধ লেখার সাথে সংশ্লিষ্ট কমিটির সভাপতি এই তিনজনের যৌথ স্বাক্ষরসহ এতদসংক্রান্ত প্রত্যায়নপত্র প্রেরণ করবেন; ও

ঘ) এই সংকলন ও ওয়েবসাইটের কাজে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ দায়িত্ব পালন করবেন (প্রয়োজনে তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০২। এমতাবস্থায়, জুলাই গণ-অভ্যুত্থানে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) হতে শহীদ ও আহত জুলাই যোদ্ধাদের বর্ণিত তথ্যাদি সংগ্রহপূর্বক আগামী ২০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে উল্লিখিত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জাবের মো: সোয়াইব)
পরিচিতি নম্বর: ১৭৬৮৭
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৮৪৫৮২
ই-মেইল: as.admin2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৫৮/১(১১)

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩২ / ০৭ আগস্ট ২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব বদরুল হাসান লিটন, যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতি ৭ দিন পর পর প্রাপ্ত প্রতিবেদন এর অগ্রগতি উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অবহিত করবেন)।
০২। উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।